**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
(দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগ)
পাংশা, রাজবাড়ী
www.pangsa.rajbari.gov.bd

স্মারক নং- ৫১.০১.৮২৭৩.০০০.৪২.১৬৯.২৩.২৭৯ তারিখ : ১১/০৮/২০২৫ খ্রি.

বিষয় : বজ্রপাতের ঝুঁকি নিরসনে জনসচেতনতা বৃদ্ধি কার্যক্রম গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা এর স্মারক নং- ৫১.০১.০০০০.৩২.৩৮.০১৩.১৯.৩৫৬ তারিখ: ১৮/০৫/২০২৫ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারক মোতাবেক, সারা দেশে সাম্প্রতিক বছরগুলোতে বজ্রপাতে কমবেশি ৩০০-৪০০ মানুষের মৃত্যু হয়েছে এবং এর ধারাবাহিকতা চলমান রয়েছে। সারা দেশের ন্যায় রাজবাড়ী জেলার পাংশা উপজেলায় গত ০২/০৮/২০২৫ খ্রি. তারিখে ০২ জনের বজ্রপাতে মৃত্যু হয়েছে। সাধারণত বজ্রপাতে বেশীর ভাগ মৃত্যুর ঘটনা ঘটেছে জনসচেতনতার অভাবে। সাধারণ মানুষকে বজ্রপাত সম্পর্কে অবহিত করতে পারলে এই মৃত্যুহার কমিয়ে আনা সম্ভব। এমতাবস্থায় বজ্রপাত সম্পর্কে সতর্কীকরণ বার্তা প্রচারে ও সংশ্লিষ্ট সকলকে জনসচেতনতা বৃদ্ধির জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

**বিষয়টি অতিব জরুরী**

সংযুক্ত : বজ্রপাতে সচেতনামূলক বার্তা ০১ ফর্দ।

১১.০৮.২৫

(এস.এম. আবু দারদা)
উপজেলা নির্বাহী অফিসার
পাংশা, রাজবাড়ী
মোবাইল নং: ০১৭৩৩-৩৬৪০৫
১১/০৮/২৫

প্রাপক:

০১। অধ্যক্ষ, ...................................... কলেজ, পাংশা, রাজবাড়ী (সকল) (তাঁকে সংশ্লিষ্ট কলেজের ছাত্র-ছাত্রীদের পাঠদানের সময় বজ্রপাত সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

০২। প্রশাসক, পাংশা পৌরসভা (তাঁকে পৌরসভার বিভিন্ন কার্যসভায় ও পৌরসভায় আগত সেবাপ্রার্থীকে বজ্রপাত সম্পর্কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

০৩। মাধ্যমিক শিক্ষা অফিসার, পাংশা, রাজবাড়ী (তাঁকে মাধ্যমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পাঠদানের সময় বজ্রপাত সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

০৪। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, পাংশা, রাজবাড়ী (তাঁকে প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের পাঠদানের সময় বজ্রপাত সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে পত্রের মাধ্যমে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

০৫। জনাব......................কর্মকর্তা ও সদস্য উপজেলা দুর্যোগ ব্যবস্থাপনা কমিটি, পাংশা, রাজবাড়ী

০৬। চেয়ারম্যান, ইউনিয়ন পরিষদ (সকল) (বিভিন্ন জনসভায় ও ইউনিয়ন পরিষদ কার্যসভায় এবং পরিষদে আগত সেবাপ্রার্থীকে বজ্রপাত সম্পর্কে অবহিত করতে হবে।)

০৭। স্টেশন অফিসার, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, পাংশা, রাজবাড়ী (তাঁকে বিভিন্ন মহড়া অনুষ্ঠান বজ্রপাত সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে সকলকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

০৮। ফিল্ড সুপারভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, পাংশা, রাজবাড়ী (তাঁকে পাংশা উপজেলার প্রতিটি মসজিদের ইমামকে প্রতি শুক্রবার জুম্মার নামাজের পূর্বে / সুবিধাজনক সময় বজ্রপাত সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে আগত মুসল্লিদেরকে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

০৯। সভাপতি, পূজা উদযাপন কমিটি, পাংশা, রাজবাড়ী (তাঁকে পাংশা উপজেলার সকল মন্দিরে অনুষ্ঠিত পূজাকালীন আগত ভক্তদের মাঝে সুবিধাজনক সময়ে বজ্রপাত সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।)

স্মারক নং- ৫১.০১.৮২৭৩.০০০.৪২.১৬৯.২৩.২৭৯ তারিখ : ১১/০৮/২০২৫ খ্রি.

অনুলিপি সদয় জ্ঞাতার্থে / কার্যার্থে:

০১। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা
০২। জেলা প্রশাসক, রাজবাড়ী
০৩। জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা, রাজবাড়ী
০৪। সভাপতি/ সম্পাদক, উপজেলা প্রেসক্লাব, পাংশা, রাজবাড়ী
০৫। অফিস কপি

১১/০৮/২৫
(মোঃ আসলাম হোসেন)
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
পাংশা, রাজবাড়ী
১১/০৮/২৫

# বজ্রবৃষ্টি ও বজ্রপাত
# যা জানা প্রয়োজন

**মনে রাখবেন**

১. এপ্রিল-জুন মাসে বজ্রপাত বেশি হয়;
২. বজ্রপাত সাধারণত ৩০-৪৫ মিনিট স্থায়ী হয়। এ সময়টুকু ঘরে অবস্থান করতে হবে;
৩. ঘনকালো মেঘ দেখলে সমুদ্র, নদী, পুকুর, ডোবা বা জলাশয় থেকে দূরে থাকতে হবে;
৪. প্রতিটি বাড়িতে/ ভবনে বজ্র নিরোধক দন্ড স্থাপন নিশ্চিত করতে হবে।

**বজ্রপাতের সময় নিরাপদ থাকতে করণীয়:**

**ঘরের ভিতর**

১. বাড়ির ধাতব দরজা-জানালা, সিঁড়ির রেলিং, পানিকল, পাইপ ইত্যাদি ধরবেন না এবং জানালার কাছাকাছি ও বারান্দায় থাকবেন না; অবশ্যই জানালা বন্ধ রাখুন।
২. বৈদ্যুতিক সংযোগযুক্ত সকল উপকরণ (টিভি, ফ্রিজ, কম্পিউটার, ল্যান্ড ফোনসহ অন্যান্য উপকরণ) ধরা থেকে বিরত থাকুন এবং বাড়িতে যদি পর্যাপ্ত নিরাপত্তামূলক ব্যবস্থা না থাকে, তাহলে সবাই এক কক্ষে না থেকে আলাদা আলাদা কক্ষে অবস্থান করুন;
৩. ঝর্ণা/বাথটাবে গোসল করবেন না। ঘরের মেঝেতে শুয়ে পড়বেন না বা শুয়ে থাকবেন না।

**ঘরের বাইরে**

১. যত দ্রুত সম্ভব দালান বা পাকা ভবনের নিচে আশ্রয় নিন। টিনের চালার ঘর যথাসম্ভব এড়িয়ে চলুন;
২. উঁচু গাছপালা, খোলা স্থানে, বিচ্ছিন্ন যাত্রী ছাউনি, বিদ্যুতের লাইন বা বিদ্যুতের খুঁটি, মোবাইল টাওয়ার প্রভৃতি থেকে দূরে থাকুন;
৩. সাঁতার কাটা, খোলা মাঠে খেলাধুলা করা, ছাউনি বিহীন নৌকায় ভ্রমণ থেকে বিরত থাকুন;
৪. সমুদ্র বা নদীতে থাকলে মাছ ধরা বন্ধ রেখে নৌকার ছাউনির নিচে অবস্থান করুন;
৫. মটর সাইকেল, বাই সাইকেল, বা খোলা কোন যানবাহনে ভ্রমণ করবেন না। বাস, মোটরগাড়ি বা লঞ্চে থাকলে ধাতব অংশ ধরা থেকে বিরত থাকুন;
৬. খোলা স্থানে অনেকে একত্রে থাকলে পরস্পর থেকে অন্তত ৫০ থেকে ১০০ ফুট দূরে সরে যান;
৭. ধানক্ষেত বা খোলা মাঠে থাকলে তাড়াতাড়ি কানে আঙুল দিয়ে পায়ের আঙুলের উপর ভর দিয়ে নিচু হয়ে বসুন;
৮. বজ্রপাতে আহত ব্যক্তিকে বৈদ্যুতিক শকের প্রাথমিক চিকিৎসা সেবা দিন ও প্রয়োজনে হাসপাতালে প্রেরণ করুন। বজ্রাহত ব্যক্তির শ্বাস-প্রশ্বাস ও হৃদস্পন্দন ফিরিয়ে আনার চেষ্টা করুন।

**যেকোন মোবাইল ফোন থেকে ১০৯০ চেপে জরুরি আবহাওয়া বার্তা জেনে নিন**
**শেষ বজ্রপাত হবার পর অন্তত ৩০ মিনিট নিরাপদ আশ্রয়ে থাকুন**

## প্রচারে: দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর
## দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়

২২/০৮/২৫
[illegible]
উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা
পাংশা, রাজবাড়ী

২২.০৮.২৫
এস. এম. আবু দারদা
উপজেলা নির্বাহী অফিসার
পাংশা, রাজবাড়ী